

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 26-10-2026

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

12th BRICS Parliamentary Forum :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নয়াদিল্লিতে ১২তম ব্রিকস সংসদীয় ফোরামের উদ্বোধনী পর্বে অংশগ্রহণ করবেন। দু'দিনের এই সম্মেলনের মূল ভাবনা— 'জনকেন্দ্রিক উন্নয়নের জন্য সংসদকে শক্তিশালী করা'। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা ফোরামের সভাপতি হিসেবে সম্মেলনে যোগ দেবেন। ১১টি সদস্য দেশ ও ১০টি অংশীদার দেশের প্রতিনিধি স্থিতিশীলতা, উদ্ভাবন, সহযোগিতা, স্থায়িত্ব এবং সন্তোষবাদ মোকাবিলার মতো বিষয়ে আলোচনা করবেন।

PM-MAN KI BAAT-1 :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল মন কি বাত অনুষ্ঠানের ১৩৯ তম পর্বে অংশগ্রহণ করেছেন। অনুষ্ঠানে তিনি বলেন, 'মন কি বাত'-এর বারো বছরের যাত্রা তাঁর কাছে তীর্থযাত্রার মতো। আকাশবাণীতে 'মন কি বাত'-এর ১২ বছর পূর্তি পর্বে দেশবাসীর উদ্দেশে বক্তব্যে তিনি স্বদেশি পণ্যের ব্যবহার, পরিবেশ সংরক্ষণ, আধুনিক প্রযুক্তি এবং ঐতিহ্যবাহী কৃষির প্রসারে বিশেষ গুরুত্ব দেন। প্রধানমন্ত্রী বলেন, উৎসবের মরশুমে 'ভোকাল ফর লোকাল' ভাবনা ভারতীয় পণ্যকে আন্তর্জাতিক বাজারে পৌঁছে দিচ্ছে। বিহারের পূর্ণিয়ার মাখনা পৌঁছে

যাচ্ছে গ্রিসে, আর কর্নাটকের কালাবুর্গির অড়হর ডাল রপ্তানি হচ্ছে মালদ্বীপে। প্রধানমন্ত্রী আরো বলেন, দেশজুড়ে প্রায় ১ লক্ষ ৯০ হাজার 'আয়ুষ্মান আরোগ্য মন্দির' চালু হওয়ার ফলে সাধারণ মানুষের কাছে চিকিৎসা পরিষেবা পাওয়া অত্যন্ত সহজ ও সুগম হয়েছে। তিনি বলেন, এই উৎসবের মরশুমে কেনাকাটার সময় সাধারণ মানুষ এখন দেশীয় পণ্যকে সর্বাধিক গুরুত্ব দিচ্ছেন, যা দেশের স্থানীয় অর্থনীতিকে এক অভূতপূর্ব গতি জোগাচ্ছে। স্থানীয় শিল্পী, কারিগর এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের পাশে দাঁড়াতে দেশীয় পণ্য কেনার এই মানসিকতা অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে উল্লেখ করেন তিনি। খাদি ও হস্তশিল্পের প্রসারেও সন্তোষ প্রকাশ করেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী আরো বলেন, আগামী ৩১ অক্টোবর সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকী। দেশজুড়ে এই দিনটি অত্যন্ত মর্যাদার সঙ্গে 'একতা দিবস' হিসেবে পালন করা হয়। এই উপলক্ষে সারা দেশে 'রান ফর ইউনিটি' বা 'একতা দৌড়'-এর আয়োজন করা হয়। এই 'রান ফর ইউনিটি'তে উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে অংশগ্রহণের জন্য প্রধানমন্ত্রী দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন।

BYTE – PM-3

MANN KI BAAT-TRIPURA :

কোজাগরী লক্ষ্মীপূজার দিনে গতকাল রাজ্যের বিভিন্ন প্রান্তে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ১৩৯তম 'মন কি বাত' অনুষ্ঠান শোনেন বিজেপির কর্মকর্তা ও সাধারণ মানুষ। টাউন বড়দোয়ালী কেন্দ্রের ৩৯ নম্বর ওয়ার্ডের ৪০ নম্বর বুথে অনুষ্ঠানে অংশ নেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা। খোয়াই বিধানসভার বিভিন্ন বুথেও অনুষ্ঠানের আয়োজন করা হয়। পাশাপাশি, গোমতী জেলার সাতটি

মণ্ডলের ৩৯৯টি বুথে ‘মন কি বাত’ শোনে বিজেপির কর্মকর্তারা। কাঁকড়াবন মণ্ডলের উত্তর শালগড়ার চার নম্বর বুথের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দলের প্রদেশ সম্পাদক রথীন্দ্র জমাতিয়া ও বিধায়ক জিতেন্দ্র মজুমদার-সহ অন্যান্য নেতৃত্ব। অনুষ্ঠান শুনে দলীয় নেতৃত্ব জানান, ‘মন কি বাত’-এর মাধ্যমে প্রধানমন্ত্রী দেশের সংস্কৃতি, ঐতিহ্য, অনুপ্রেরণামূলক সাফল্য ও সামাজিক দায়বদ্ধতার বিভিন্ন দিক তুলে ধরেন।

Laxmi Puja :

তিথি অনুসারে আজও কোজাগরী লক্ষ্মীপূজা হচ্ছে। ধন, ঐশ্বর্য, সম্পদের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মীর আরাধনায় রাজ্যের জাতি জনজাতি অংশের নাগরিকরা শ্রদ্ধা ও ভক্তিভরে পূজায় অংশ নেন। প্রায় প্রতি পরিবারে পূজিত হন দেবী লক্ষ্মী। গতকাল সকাল ১১ টা ৫৫ মিনিটে পূর্ণিমা তিথিতে লক্ষ্মীপূজা শুরু হয়েছে।

RANJI TROPHY/WOMEN’S CRICKET :

ত্রিপুরা ও কর্নাটকের মধ্যে রঞ্জি ট্রফির ম্যাচটি আজ থেকে মাইসোরে শুরু হচ্ছে। S.D.N.R.W মাঠে এই ম্যাচটি হবে। প্রথম দুই ম্যাচে রাজ্যদল হায়দ্রাবাদ ও আসামের কাছে পরাজিত হয়।

এদিকে, ত্রিপুরা ও রেলওয়ের মধ্যে মেয়েদের সিনিয়র টি-২০ ক্রিকেটের ম্যাচটি আজ লখনউয়ের ভারতরত্ন শ্রী অটল বিহারী বাজপেয়ী একনা ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে।

Weightlifting Championships :

২০২১ সালের সিনিয়র ওয়ার্ল্ড ওয়েটলিফটিং চ্যাম্পিয়নশিপ ভারতে আয়োজিত হবে। এই প্রথমবারের মতো ভারত সম্মানজনক আন্তর্জাতিক ইভেন্টটির সিনিয়র সংস্করণের আয়োজন করবে। গতকাল চীনের নিংবোতে অনুষ্ঠিত ইন্টারন্যাশনাল ওয়েটলিফটিং ফেডারেশন এক্সিকিউটিভ বোর্ডের সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। IWF ২০৩০ সালের সিনিয়র ওয়ার্ল্ড ওয়েটলিফটিং চ্যাম্পিয়নশিপ রাশিয়ার রাজধানী মস্কোতে অনুষ্ঠিত হবে। অতিরিক্তভাবে, IWF এক্সিকিউটিভ বোর্ড ২০২৮ সালের ওয়ার্ল্ড ইউথ চ্যাম্পিয়নশিপ কসোভোর প্রিস্টিনায় এবং ওয়ার্ল্ড জুনিয়র চ্যাম্পিয়নশিপ ভেনেজুয়েলার কারাকাসে হবে বলে সিদ্ধান্ত নিয়েছে।

Weather :

আজ রাজ্যের আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। ভোরের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি

সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.২
ডিগ্রি সেলসিয়াস।
